

সুক্তো:-

রন্ধন পটিয়সী মহিলাদের বিভিন্ন ধরনের রন্ধনপ্রণালী। তার মধ্যে একটি পদ হলো "সুক্তো", এই গানটি সকল গৃহিণী দের নিমিত্তে উৎসর্গিত।

বিভিন্ন সবজির সমারোহে কি ভাবে একটি উপাদেয় ব্যঞ্জন তৈরি ও পরিবেশিত হয়, তার প্রকাশ পাওয়া যাবে এই বিশেষ মনোরঞ্জক গানটি শ্রবণের মাধ্যমে।।

(রাঙা)আলু বলে, শোন, আমি ই সেরা,

বেগুন বলে আমি।

ঝিঙে বলে, মুচকি হেসে,

হচ্ছে কি ফাজলামি?

(রাঙা)আলু বলে, শোন, আমি ই সেরা,

বেগুন বলে আমি।

ঝিঙে বলে, মুচকি হেসে,

হচ্ছে কি ফাজলামি?

উচ্ছে বলে, আমায় ছাড়া,

রাঁধতে পারবে সুক্তো ?

আমায় যদি না দাও তবে,

হবে না তো পোক্ত ।।

কাঁচকলা আর পেপে বলে

মোরা নাকি বাদ?

অন্য কিছু প্রয়োগ করে,

বাড়াওদেখি স্বাদ"-

এর বাড়াওদেখি স্বাদ-

চ্যালেঞ্জ বাড়াওদেখি স্বাদ

আড়চোখে তাকায় এবার

লম্বা সজনে ডাঁটা।

আমি যদি না থাকি, তবে

জমবে কি রান্নাটা

বলো জমবে কি রান্নাটা?

এসব শুনে চোখ পাকাই

ভাজা বড়ি গুলি।

আর রেগে মেগে বলে ওঠে

পড়লো তোদের চোখে ঠুলি,

পড়লো তোদের চোখে ঠুলি!!

তেজপাতা আর রাঁধুনি ও

ফেঁস করে যে ওঠে।

তেলের উপর মোদের দেবে,

সংগে, আদা বেটে।।

নাড়িকেল আর দুধ দিও,

আ\_র বলবো কি?

নামানোর আগে ছড়িয়ে দিও,

একটুখানি গাওয়া ঘি,

শুধু একটুখানি গাওয়া ঘি

ওই একটুখানি গাওয়া ঘি- ব্যস।।

(রাঙা)আলু বলে, শোন, আমি ই সেরা, ----